# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৬ সালের ৯ম বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৭ অক্টোবর, ২০১৬ |
| সময় | ঃ | বেলা ১০-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্য বিষয়-১: ২৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা : গত ২৮ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত ২০১৬ সালের ৮ম বোর্ডসভার সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়।

সিদ্ধান্ত : সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য গ্রুপ ক্যাপ্টেন এম এ আওয়াল হোসেন, জিইউপি, এডব্লিউসি, পিএসসি, অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাসের এর সমর্থনে বিগত সভার (২০১৬ সালের ৮ম বোর্ডসভার) কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচ্য বিষয়-২: সেপ্টেম্বর, ২০১৬ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

আলোচনা : সেপ্টেম্বর, ২০১৬ মাসে বিভিন্ন খাতে আদায় ৭৭,৮৫,৯০২.০০ (সাতাত্তর লক্ষ পঁচাশি হাজার নয়শত দুই) টাকা এবং ২০১৬-২০১৭ অর্থ বছরের ক্রমপুঞ্জিভুত আদায় ৪,১১,৯৩,২০৮.০০ (চার কোটি এগার লক্ষ তিরানব্বই হাজার দুইশত আট) টাকা। আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত ট্রেড লাইসেন্স বাবদ ২০১৬-২০১৭ অর্থ বছরে ১,৫৫,০০,০০০.০০ (এক কোটি পঞ্চান্ন লক্ষ) টাকা প্রাক্কলিত দাবীর বিপরীতে ৩৩,৩৯,০৭১.০০ (তেত্রিশ লক্ষ ঊনচল্লিশ হাজার একাত্তর) টাকা আদায় হয়েছে। রজনীগন্ধা সুপার মার্কেট এবং কচুক্ষেত পুরান বাজার এলাকার অনেক দোকান/ব্যবসা প্রতিষ্ঠান ট্রেড লাইসেন্স ব্যতিরেকে ব্যবসা পরিচালনা করছেন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। ট্রেড লাইসেন্স হতে আয় বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করার তাগিদ প্রদান করা হয়। সভায় আলোচনাক্রমে জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ৬টি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকাদের বেতন দ্বিগুণ বৃদ্ধি করা হলে ছাত্র বেতন ৩০% বৃদ্ধি করা হয়েছে এবং শিক্ষক-শিক্ষিকাদের বেতন বাবদ প্রয়োজনীয় অনুদানও বরাদ্দ পাওয়া যায়নি। বোর্ডের স্থানীয় আয় পর্যাপ্ত না হওয়ায় সামনের মাসগুলোতে শিক্ষক-শিক্ষিকাদের বেতন-ভাতা প্রদান করা সম্ভব হবে না।

সিদ্ধান্ত : ২.১ : রজনীগন্ধা সুপার মার্কেট ও কচুক্ষেত পুরান বাজার এলাকার দোকান/ব্যবসা প্রতিষ্ঠানের মালিকগণকে ১৫(পঁনের) দিনের মধ্যে ট্রেড লাইসেন্স গ্রহণ/হালনাগাদ করার জন্য পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া সরেজমিন পরিদর্শন করে দোকান/ব্যবসা প্রতিষ্ঠানের সংখ্যা, আয়তন, হালনাগাদ ট্রেড লাইসেন্স ও হোল্ডিং ট্যাক্স সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করার জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সভাপতি |
| (২) | ১ × প্রতিনিধি, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | ১ × প্রতিনিধি, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৫) | হিসাব রক্ষণ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৬) | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট। | -- | সদস্য-সচিব |

২.২: ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ছাত্র বেতন বাবদ আয়, বোর্ডের স্থানীয় আয় এবং বরাদ্দকৃত অনুদান দ্বারা যেহেতু শিক্ষক-শিক্ষিকাদের বেতন-ভাতা পরিশোধ করা সম্ভব হবে না, সেহেতু প্রয়োজনীয় অনুদান বরাদ্দের জন্য জরুরী ভিত্তিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রয়োজনীয় অনুদান বরাদ্দ করা সম্ভব না হলে শিক্ষক-শিক্ষিকাদের বেতন-ভাতা পরিশোধের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে সুস্পষ্ট নির্দেশনা চাওয়ারও সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩: সেপ্টেম্বর, ২০১৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

আলোচনা : সেপ্টেম্বর, ২০১৬ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ১,৮১,২০,৮৪৬.০০ (এক কোটি একাশি লক্ষ বিশ হাজার আটশত ছেচল্লিশ) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ আগস্ট মাসে সর্বমোট আয় ১৭,৮১,৯৮,৭৮৪.০০ টাকা (পঁনের কোটি একাশি লক্ষ আটানব্বই হাজার সাতশত চুরাশি) টাকা। অপরদিকে সেপ্টেম্বর, ২০১৬ মাসে সর্বমোট ব্যয় ৬,৯৮,৯৭,৯৬৪.০০ (ছয় কোটি আটানব্বই লক্ষ সাতানব্বই হাজার নয়শত চৌষট্টি) টাকা।

সিদ্ধান্ত : সেপ্টেম্বর, ২০১৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৪: সেপ্টেম্বর, ২০১৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন।

আলোচনা : স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, সেনানিবাসের সাধারণ স্বাস্থ্যগত পরিবেশ, বাসস্থান, পানি সরবরাহ, মশা-মাছি ও কীট পতঙ্গ নিধন কার্যক্রম সন্তোষজনক আছে। ঢাকা সেনানিবাসের স্কুল/কলেজসমূহের পরিষ্কার-পরিচ্ছন্নতা আরো উন্নত করা প্রয়োজন। ঢাকা সেনানিবাস এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড এবং এমইএস কর্তৃক সরবরাহকৃত পানির নমুনা সন্তোষজন। ১৪ আগস্ট, ২০১৬ হতে ১৫ সেপ্টেম্বর, ২০১৬ পর্যন্ত সিএমএইচ, ঢাকায় ৬২ জন ডেঙ্গু রোগী চিকিৎসা গ্রহণ করেছেন।

সিদ্ধান্ত : স্টেশন হেলথ অর্গানাইজেশন ও ক্যান্টনমেন্ট বোর্ড সমন্বিত উদ্যোগের মাধ্যমে সেনানিবাসে মশক নিধন কার্যক্রম জোরদারসহ ড্রেন পরিষ্কার এবং আগাছা পরিষ্কার করতে হবে। রজনীগন্ধা সুপার মার্কেটের পরিষ্কার-পরিচ্ছন্নতা জোরদার করণসহ নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। সেনানিবাস সংলগ্ন সিভিল চ্যাপ্টার্ড এলাকায় সপ্তাহে কমপক্ষে একদিন মশার ঔষধ ছিটানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়-৫: সেপ্টেম্বর, ২০১৬ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্ম-মৃত্যু নিবন্ধন প্রতিবেদন।

আলোচনা : সেপ্টেম্বর, ২০১৬ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে মোট ১৪৪ টি জন্ম নিবন্ধন ও ০৩টি মৃত্যু নিবন্ধন করা হয়েছে এবং একই সময়ে বনানী সামরিক কবরস্থানে মোট ১০ জনকে দাফন করা হয়েছে।

সিদ্ধান্ত: ঢাকা সেনানিবাস এলাকায় বসবাসকারী বা জন্মগ্রহণকারীদের যথাযথভাবে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে হবে।

আলোচ্য বিষয়-৬: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট হস্তান্তর অনুমতি ঃ

| ক্রঃ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/ আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআইএর ছাড়পত্র নম্বর ও তারিখ/ ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-২০, ফ্ল্যাট নং-এবি-৫,৬ষ্ঠ তলা (পূর্ব পার্শ্ব বিল্ডিং) রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেহেরুননেছা বেগম,স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ বাড়ী নং-২০, রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | মিসেস শাহিন সিদ্দিক স্বামী- জনাব তারিক আহমেদ সিদ্দিক, বাড়ী নং-১২২/২, রোড নং-১, বারিধারা ডিওএইচএস ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। | ২৭/৯/২০১৬ তারিখের ২৩.০৫৫০১.৩০০.১০. ০২৯.০১.২৭.০৯.১৬ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ৩৪০০ বঃফুঃ (নিচ তলায় ০২টি কার পার্কিং এবং আনুপাতিক হারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখল নেই। |

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ২০ নং প্লটে নির্মিত ০৭ তলা বাড়ীর ৬ষ্ঠ তলা পূর্ব পার্শ্বের ৩৪০০ বঃফুঃ বিশিষ্ট এবি-৫ নং ফ্ল্যাট নিচতলায় ২টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ মিসেস শাহিন সিদ্দিক, স্বামী-জনাব তারিক আহমেদ সিদ্দিক এর নিকট বিক্রয়/হস্তান্তরের জন্য ফ্ল্যাটটির মালিক মেহেরুননেছা বেগম, স্বামী-প্রফেসর মোহাম্মদ আব্দুল্লাহ ২১ অক্টোবর, ২০১৪ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ডের ১৪ জুন ২০১৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/২০/ফ্ল্যাট নং-এবি-৫/(৬ষ্ঠ তলা পূর্ব পার্শ্ব বিল্ডিং)/১৬ নং পত্রের মাধ্যমে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে প্রস্তাবিত ক্রেতার অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করা হলে ডিজিএফআই এর ২৭ সেপ্টেম্বর,২০১৬ তারিখের ২৩.০৫.৫০১. ৩০০.১০.০২৯.০১.২৭.০৯.১৬ নং পত্রের মাধ্যমে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে। উক্ত প্লটে নির্মিত বাড়ী-তে অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ২০ নং প্লটে নির্মিত ০৭ তলা বাড়ীর ৬ষ্ঠ তলা পূর্ব পার্শ্বের ৩৪০০ বঃফুঃ বিশিষ্ট এবি-৫ নং ফ্ল্যাট নিচতলায় ২টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও বিদ্যমান অন্যান্য সকল সুবিধাদিসহ মিসেস শাহিন সিদ্দিক, স্বামী-জনাব তারিক আহমেদ সিদ্দিক এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৭: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান বরাদ্দ নীতিমালা সংশোধন প্রসংগে।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের নির্মাণ কাজ শেষ পর্যায়ে। শীঘ্রই আভ্যন্তরীন ফিনিসিং কাজসহ ইলেক্ট্রোমেকানিক্যাল কাজ শুরু করা হবে। কিন্তু মার্কেটের প্রায় ৪৮টি দোকান/স্পেস অদ্যাবধি অবিক্রিত রয়েছে। এছাড়া বেশ কয়েকটি দোকানের ইজারা গ্রহীতা কোন কিস্তির টাকা পরিশোধ করেননি। মার্কেটটি সুষ্ঠুভাবে চালু ও পরিচালনা করার নিমিত্তে নিম্নবর্ণিত বিষয়দি দ্রুত নিস্পত্তি করা প্রয়োজন ঃ-

(ক) দোকান বরাদ্দ নীতিমালার ৮ নং অনুচ্ছেদে মেয়াদান্তে পুন:বরাদ্দের সময় ইজারা মূল্যের ২৫% অর্থ প্রদানের শর্ত রয়েছে। যা পরিবর্তন করা প্রয়োজন;

(খ) শপিং কমপ্লেক্সে ১০ম এবং ১১তম তলা কনভেনশন সেন্টার হিসেবে ভাড়া প্রদান;

(গ) শপিং কমপ্লেক্সে ৪৮ টি খালি দোকান/স্পেস ভাড়া প্রদান;

(ঘ) ১৫ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-১৪ এর মাধ্যমে ৩০ জুন ২০১৬ তারিখ পর্যন্ত শপিং কমপ্লেক্সের ২১ টি দোকান/স্পেস এর সালামীর টাকা পরিশোধের সময় বৃদ্ধি করা হয়। বর্ধিত সময়ের মধ্যেও যে সকল ইজারা গ্রহীতা সালামীর অর্থ পরিশোধ করেননি তাদের বিষয়ে সিদ্ধান্ত।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স সুষ্ঠুভাবে চালু ও পরিচালনা করার নিমিত্তে বরাদ্দ নীতিমালা পর্যালোচনাসহ উপরোক্ত বিষয়গুলো নিস্পত্তির লক্ষ্যে একটি প্রস্তাব প্রস্তুত করার জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলোঃ-

(১) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস -- সভাপতি

(২) জনাব হেলাল উদ্দিন আহ্মেদ
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

(৩) জনাব মোঃ আলম খান, নির্বাহী প্রকৌশলী
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

(৪) জনাব মোঃ আবুল বাশার মিয়া, হিসাব রক্ষণ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

(৫) জনাব কাজী মোঃ পেয়ারু, রেভিনিউ অফিসার (অঃদাঃ)
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য-সচিব

উপরোক্ত কমিটি আগামী বোর্ডসভার পূর্বেই তাদের প্রস্তাব ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার বরাবর দাখিল করবেন।

আলোচ্য বিষয়-৮: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত ১০৬০ বর্গফুট (কমবেশী) জমি বরাদ্দ প্রদানের বিষয়ে প্লট মালিক মিসেস শামীমা এ খান এর ১৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখে আবেদন প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বিশিষ্ঠ ৭৪ নং প্লটের ইজারা গ্রহীতা মিসেস শামীমা এ খান, স্বামী-জনাব এম আতিক উল্লাহ খান। ৭৪ নং প্লটে বরাদ্দের অতিরিক্ত সংলগ্ন কম/বেশী ১০৬০ বর্গফুট জমি ১৩/৩/২০০৩ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে আনা হয়। উক্ত অতিরিক্ত জমির বিষয়ে মাননীয় হাইকোর্টে দায়েরকৃত ৫০০২/২০০৩ নং মামলাটি সিনিয়র এডভোকেট খন্দকার মাহবুব উদ্দিন পরিচালনা করে আসছিলেন। বিগত ২৯ এপ্রিল, ২০০৯ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক মোকদ্দমাটি শুনানী অন্তে রুল অবসুলুট করা হয়। যার প্রেক্ষিতে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিএমপি ৩৯৯ দাখিল করা হয়। উপরোক্ত মোকদ্দমাখানা গত ২৯/৬/২০০৯ তারিখে মাননীয় হাইকোর্ট উভয় পক্ষের শুনানী অন্তে রুল অবসুলুট করেন এবং দরখাস্তকারী বরাবরে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট খালী ভূমি রায় প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে লীজ দলিল সম্পাদন করিয়া দিতে আদেশ প্রদান করেন। উক্ত মামলার মাননীয় হাইকোর্টের আদেশের বিরুদ্ধে ইতোমধ্যে মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগের সি এম পি ৩৯৯/২০০৯ দায়ের করা হয়। মোকদ্দমা পরিচালনার বিষয়টি ২৮/১/২০১০ তারিখের অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী ০৯ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

*"ক্যান্টনমেন্ট বাজার এলাকার যে সকল প্লটের সংগে বরাদ্দের অতিরিক্ত জমি রয়েছে তা উদ্ধার করে স্বতন্ত্র প্লট করা না গেলে বা অন্য কোন কাজে ব্যবহার করা না গেলে এবং সংশ্লিষ্ট বরাদ্দলাভকারীগণ যদি প্লট সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের জন্য আবেদন করেন তবে তা বর্তমান বাজার মূল্য পরিশোধ সাপেক্ষে তাদের অনুকূলে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হক।"*

এপ্রেক্ষিতে মিসেস শামীমা এ খান, স্বামী-জনাব এম আতিক উল্লাহ খান ২০/৪/২০১০ তারিখে আবেদনে উক্ত প্লট সংলগ্ন দক্ষিণ পার্শ্বে কম/বেশী ১০৬০ বর্গফুট অতিরিক্ত জমি সরকারী বিধি মোতাবেক তাঁর নামে বন্দোবস্ত/বরাদ্দ দেয়ার জন্য অনুরোধ করেন। উক্ত আবেদনপত্রটি ৩১/৫/২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে উপস্থাপন করা হলে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট জমির সাথে অন্যান্য আবেদনকারীদের জমি বরাদ্দের ক্ষেত্রে কি নীতিমালা অনুসৃত হবে সে বিষয়ে একটি নীতিমালা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর উক্ত সিদ্ধান্তের আলোকে অতিরিক্ত জায়গা বরাদ্দের জন্য নীতিমালা প্রণয়ন ও জমির মূল্য নির্ধারনের নিমিত্তে ১০/১১/২০১০ তারিখে অনুষ্ঠিত বোডসভার আলোচ্যসূচী-১০ এর সিদ্ধান্তে (১) সিএমইএস(আর্মি), ঢাকা সেনানিবাস, সভাপতি, (২) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, সদস্য (৩) রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে সদস্য করে একটি কমিটি গঠন করা হয়। পরবর্তীতে ২৬/১২/২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৯ এর মাধ্যমে বিষয়টি পুনরায় উপস্থাপন করা হলে নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করে ঃ-

*"সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস, নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সমন্বয়ে গঠিত কমিটির মতামত অনুসারে ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন প্লট সংলগ্ন অতিরিক্ত জমি উদ্ধার করে স্বতন্ত্র প্লট না করা গেলে বরাদ্দলাভকারীগণ যদি প্লট সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের জন্য আবেদন করেন তবে তা বর্তমান বাজার মূল্যের ০৩ গুন মূল্য এবং প্রচলিত নিয়ম অনুযায়ী খাজনা পরিশোধ সাপেক্ষে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। সেপ্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/জি নং প্লটের মালিক মিসেস সাবেরা আহমেদ (কলি), স্বামী-বিচারপতি এ এইচ এম শামসুদ্দিন চৌধূরী (মানিক), ২৭/বি নং প্লটের মালিকগণের পক্ষে এম আতিকুল্লাহ খান মাসুদ এবং ৭৪ নং প্লটের মালিক মিসেস শামীমা এ খান, স্বামী-এম আতিকুল্লাহ খান মাসুদ এর প্লট সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের আবেদন পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।"*

উক্ত সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের ৩১ জানুয়ারি ২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/এলএ/৫/ ১০/২৪০ নং পত্রে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়। সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর ২৬ ফেব্রুয়ারি ২০১২ তারিখে ৭/এমএলএন্ডসি/ঢাকা/১৪১-৭৪-২/শ-৩/৪৯ নং পত্রে ক্যান্টনমেন্ট বাজার এলাকার 'সি' শ্রেণীভূক্ত জমি বরাদ্দের জন্য সিএলএ রুলস-১৯৩৭ এর ২৬ বিধি অনুযায়ী সিডিউল-৫ ফরম পুরন করা প্রয়োজন মর্মে জানান। মিসেস শামীমা এ খান ১৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখের আবেদনে মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক সিভিল আপিল ১৩৬/২০১০ খারিজ করে দিয়েছেন মর্মে রায়ের কপিসহ উল্লেখিত ১০৬০ বর্গফুট জমি জরুরী ভিত্তিতে লীজ প্রদান করতঃ লিজ দলিল সম্পাদন করে দেয়ার জন্য করেন। উক্ত আবেদন পত্রের সাথে প্রদত্ত মামলার বিষয়ে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে তিনি নিম্নোক্ত মতামত প্রদান করেন ঃ-

"নথি পর্যালোচনা করিয়া দেখা গেল। নথির সহিত সংযুক্ত মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগ কর্তৃক সিভিল আঃ নং-১৩৬/২০১০ এর বিগত ১৯/৫/২০১৫ ইং তারিখের আদেশে দেখা যায় যে, মাননীয় আপীল বিভাগ উক্ত আপীলখানা খারিজ করিয়াছেন। এমতাবস্থায়, অতিরিক্ত দখলীয় জমি লীজ প্রদানের বিষয়ে কোন আইনগত বাঁধা নাই।"

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন বরাদ্দের অতিরিক্ত ১০৬০ বর্গফুট (কমবেশী) জমির বিষয়ে সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আদেশের বিরুদ্ধে লিভ টু আপীল করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৯: রজনীগন্ধা সুপার মার্কেট এলাকায় ভিনাইল ওয়ার্ল্ড এন্ড সাইন, মালিক মিসেস পারভীন আক্তার কর্তৃক স্থাপিত বিলবোর্ড/সাইনবোর্ডের জমাকৃত টাকা আনুপাতিক হারে ফেরত প্রদান প্রসংগে।

আলোচনা : ১৫ ফেব্রুয়ারি ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার-২৯বিবিধ(৮) এর সিদ্ধান্তের প্রেক্ষিতে মিসেস পারভীন আক্তার, প্রোঃ- ভিনাইল ওয়ার্ল্ড এন্ড সাইন, ৬৫/১, পশ্চিম তেজতুরী বাজার, ফার্মগেট, তেজগাঁও, ঢাকাকে রজনীগন্ধা সুপার মার্কেট এলাকায় মোট ৫৫০ বর্গফুট বিশিষ্ট প্রতি বর্গফুট ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা হারে ১/৪/২০১১ তারিখ হতে ৩১/৩/২০১২ তারিখ পর্যন্ত ০৩(তিন)টি সাইনবোর্ড স্থাপনের অনুমতি প্রদান করা হয়। মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ১/৪/২০১২ তারিখ হতে ৩১/৩/২০১৪ তারিখ পর্যন্ত ০২ বছরের জন্য ২,৭৫,০০০/-(দুই লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ভাড়ায় চুক্তি নবায়ন করা হয়। সর্বশেষ ৩১ মার্চ ২০১৬ তারিখে মেয়াদ উত্তীর্ণ হওয়ায় ১ এপ্রিল ২০১৬ তারিখ হতে ৩১ মার্চ ২০১৮ তারিখ পর্যন্ত ২,৭৫,০০০/- (দুই লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ভাড়া আদায় করা হয়েছে। বর্তমানে দেশে সর্বস্তরে বিলবোর্ড/সাইনবোর্ড অপসারণ করা হচ্ছে। উক্ত প্রতিষ্ঠানের মালিককে রজনীগন্ধা সুপার মার্কেটে স্থাপিত সাইনবোর্ড ০৩টি অপসারণ করার জন্য মৌখিকভাবে বলা হলে তিনি জমাকৃত টাকা আনুপাতিকহারে ফেরত প্রদান করার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেট এলাকায় ভিনাইল ওয়ার্ল্ড এন্ড সাইন কর্তৃক স্থাপিত বিলবোর্ড/সাইনবোর্ডের জমাকৃত টাকা আনুপাতিক হারে ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১০: ইনফরমেশন কমিউনিকেশন এন্ড টেকনোলজিস সার্ভিসেস(আইসিটিএস) কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি প্রসংগে।

আলোচনা : জনাব মোঃ সাইদুর রহমান, নির্বাহী পরিচালক, ইনফরমেশন কমিউনিকেশন এন্ড টেকনোলজিস সার্ভিসেস (আইসিটিএস) ১২/এ,৪/১২ পল্লবী, মিরপুর, ঢাকা কর্তৃক ঢাকা সেনানিবাসস্থ মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের অনুমতি চেয়ে মিরপুর ডিওএইচএস পরিষদের ছাড়পত্রসহ ১১ জুন ২০১৫ তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ১৭ জানুয়ারি ২০১৬ তারিখের ঢাক্যাবো/টিআরসি/ ৫৪/১০/৩৭৪ নং পত্রে উক্ত প্রতিষ্ঠান এবং ব্যক্তির অনুকূলে নিরাপত্তা ছাড়পত্র প্রদানের জন্য সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে অনুরোধ করা হয়। সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস ৭ আগস্ট ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.৮০০.০৩.১০২.০৩. ০৭.০৮.১৬ নং পত্রে ০৭ আগস্ট ২০১৬ তারিখ হতে ০৫ (পাঁচ) বছর মেয়াদে (নবায়নযোগ্য) উক্ত প্রতিষ্ঠানকে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করে।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের জন্য ইনফরমেশন কমিউনিকেশন এন্ড টেকনোলজিস সার্ভিসেস(আইসিটিএস)-কে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। একই সাথে ডিওএইচএসসমূহে ইন্টারনেট সার্ভিস প্রদানকারী সকল প্রতিষ্ঠানকে বাৎসরিক ট্রেড লাইসেন্স ছাড়াও গ্রাহক পয়েন্ট প্রতি ক্যান্টনমেন্ট বোর্ডে ফি পরিশোধ করতে হবে। প্রতিটি ইন্টারনেট সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে গ্রাহক সংখ্যা সংগ্রহ করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-১১: রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডের ১২ টি ভিটির ভাড়া বকেয়া থাকায় বাতিলকরণ প্রসঙ্গে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডে মোট-১৪৮ টি ভিটি আছে। উক্ত হার্ডস্ট্যান্ডে ৩৯ টি ভিটির ভাড়া সকাল ও বিকাল দু'বেলার ব্যবসা করার অনুমতি রয়েছে। ভিটিসমূহের ভাড়া ০৬ মাস অন্তর অন্তর ৭,২০০/- (সাত হাজার দুইশত) টাকা আদায় করা হয়। উক্ত ভিটিসমূহের মধ্যে নিম্নেবর্ণিত ভিটির বকেয়া ভাড়া আদায়ের জন্য ভিটি বরাদ্দলাভকারী ও ভাড়াটিয়াদের বারবার তাগিদ এবং অত্র দপ্তর কর্তৃক চূড়ান্ত পত্র দেয়া সত্ত্বেও ভিটি বরাদ্দলাভকারী ভিটির বকেয়া ভাড়া পরিশোধ করছেন না। ভিটিসমূহের বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্রঃনং | ভিটি নং | বরাদ্দলাভকারীর নাম | বকেয়া টাকার পরিমান | বকেয়া ভাড়ার সময়কাল |
|---|---|---|---|---|
| ১। | ৮০ | মোঃ ওয়াসিম | ৩১,৯৫০/- | ০২ বছর ২ মাস |
| ২। | ৮৩/১ | মোঃ আলী আহমেদ | ২৭,৪৫০/- | ১ বছর ১০ মাস |
| ৩। | ৮৬ | মোঃ হেলাল উদ্দিন | ২৭,৪৫০/- | ১ বছর ১০ মাস |
| ৪। | ৯০ | মোঃ মোঃ জাহাঙ্গীর আলম | ৪৪,৭৫০/- | ৩ বছর ১ মাস |
| ৫। | ৯১ | মোঃ রুহুল আমিন | ৩৬,৪৫০/- | ২ বছর ৬ মাস |
| ৬। | ৯৬ | জনাব মোঃ মিন্টু | ৩৫,৮৫০/- | ০২ বছর ৬ মাস |
| ৭। | ১১৪ | জনাব মোঃ বাকি বিল্লাহ | ২০,২০০/- | ১ বছর ৫ মাস |
| ৮। | ১২৩ | মোঃ আক্তার হোসেন | ১৭,৪০০/- | ০১ বছর ৩ মাস |
| ৯। | ফল/৬৬ | মোঃ জয়নাল | ২৭,৪৫০/- | ১ বছর ১১ মাস |
| ১০। | ফল/৬৮ | আলাউদ্দিন | ২৭,৪৫০/- | ১ বছর ১১ মাস |
| ১১। | ৬৯ | মীর রওশন ঢালী | ২২,৯৫০/- | ১ বছর ৭ মাস |
| ১২। | ১১৩ | মোঃ আবুল হোসেন | ৩১,৯৫০/- | ২ বছর ৩ মাস |

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের হার্ডস্ট্যান্ডের ১২ টি ভিটির বকেয়া ভাড়া ১৫ (পঁনের) দিনের মধ্যে পরিশোধ করার জন্য চূড়ান্ত পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত সময়ের মধ্যে বকেয়া ভাড়া পরিশোধে ব্যর্থ হলে বরাদ্দ বাতিল করত: নতুনভাবে বরাদ্দ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১২: রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকের ৫৭ টি দোকানের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় মাসিক ভাড়া ও সালামী নির্ধারণ প্রসংগে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটেস্থ বিভিন্ন ব্লকের মোট ৫৭ টি দোকানের মেয়াদ উত্তীর্ণ হয়েছে। বর্তমান উক্ত মার্কেট ভেঙ্গে নতুন মার্কেট নির্মাণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বর্তমান অবস্থায় উক্ত দোকানসমূহ নির্ধারিত মেয়াদে পুন:বরাদ্দ প্রদান করা সমীচীন হবে না মর্মে সভায় মত প্রকাশ করা হয়। এর পরিবর্তে বর্তমানে প্রচলিত বাৎসরিক সালামী ১২ মাসে ভাগ করে মাসিক ভাড়ার সাথে আদায় করা যেতে পারে।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটের নিম্নবর্ণিত ৫৭টি দোকান নতুন মার্কেট নির্মাণ কাজ শুরু করার পূর্ব পর্যন্ত নামের পার্শ্বে বর্ণিত হারে মাসিক ভাড়ায় ব্যবসা পরিচালনার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্র নং | দোকান নং | বরাদ্দ লাভকারী/নামজারীসূত্রে মালিকের নাম | বিদ্যমান মাসিক ভাড়া | বার্ষিক ২৫,০০০/- টাকা হারে মাসিক সালামীর পরিমান | পুন:নির্ধারিত মাসিক ভাড়া |
|---|---|---|---|---|---|
| ১। | এ/১৪ | মিসেস নাসিম সরকার | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ২। | এ/৪৫ | আদিবা আনোয়ার গং | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ৩। | এ/৪৬ | মোছাঃ রাফিয়া খাতুন | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ৪। | এ/৪৭ | মোঃ শাহজাহান মিয়া | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ৫। | এ/৪৮ | মোঃ আঃ কাদের | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ৬। | এ/৬০ | বেগম আলেয়া আলাউদ্দিন | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ৭। | এ/৬৯ | ওয়াঃ অফিঃ (অবঃ) বজলুল হক | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ৮। | এ/৭১ | হাবিঃ হাবিবুল্লাহ | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ৯। | এ/৭২ | সুবেঃ মোখলেছুর রহমান | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ১০। | এ/৮০ | সিপাহী হরমুজ আলী | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ১১। | এ/৯২ | মোঃ ফজলুল হক | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ১২। | এ/৯৮ | মিসেস সাজেদা খাতুন | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ১৩। | এ/৯৯ | নাঃ সুবেঃ আঃ শহীদ (অবঃ) | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ১৪। | এ/১০৮ | সুবেঃ এম এ খালেক (অবঃ) | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ১৫। | এ/১১৭ | মোঃ মোস্তফা চৌধূরী | ১২৯৬/- | ২,০৮৪/- | ৩,৩৮০/- |
| ১৬। | এ/১৩১ | সিপাহী (অবঃ) আব্দুল লতিফ | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ১৭। | এ/১৩৮ | মিসেস সেলিনা বেগম | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ১৮। | এ/১৪০ | হাবিঃ আবুল হোসেন (অবঃ) | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ১৯। | এ/১৪২ | নাঃ জাভেদ আলী (অবঃ) | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ২০। | এ/১৪৩ | হাবিঃ মাহফুজুল হক (অবঃ) | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ২১। | এ/১৪৪ | মিসেস আবেদা খাতুন | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ২২। | এ/১৪৯ | নাঃ আমিনুল হক | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ২৩। | এ/১৫৪ | হাবিঃ জালাল উদ্দিন আহমেদ | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ২৪। | এ/১৫৫ | মোঃ জিয়াউল সবুর | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ২৫। | এ/১৬৩ | বেগম সাহিদা খাতুন | ১,২৯৬/- | ২,০৮৪/- | ৩,৩৮০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৬। | এ/১৬৫ | ক্যাঃ জৈন উদ্দিন | ১,২৯৬/- | ২,০৮৪/- | ৩,৩৮০/- |
| ২৭। | বি/৪৭ | এম এ কাদের | ৬২৫/- | ২,০৮৪/- | ২,৭০৯/- |
| ২৮। | বি/৬১ | হাবিঃ (অবঃ) আব্দুল করিম শিকদার | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ২৯। | বি/৬২ | অনাঃ লেঃ আলমগীর ভূঞা | ৮৪৪/- | ২,০৮৪/- | ২,৯২৮/- |
| ৩০। | ডি/৮১/১ | মোঃ লোকমান হোসেন | ১,৪৭৮/- | ২,০৮৪/- | ৩,৫৬৮/- |
| ৩১। | ফার্নিচার-১৬/১ | জনাব মোঃ সোহরাব হোসেন | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৩২। | ফার্নিচার -১৬/২ | জনাব মোঃ রফিকুল ইসলাম | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৩৩। | ফার্নিচার -১৬/৩ | মিসেস খাদিজা বেগম | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৩৪। | ফার্নিচার -১৬/৪ | জনাব মোঃ আঃ হাশেম পাটয়ারি | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৩৫। | ফার্নিচার -১৬/৫ | মিসেস নাসিমা আক্তার | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৩৬। | ফার্নিচার- ১৬/৬ | জনাব মোঃ ওসমান গনি মল্লিক | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৩৭। | ফার্নিচার -১৬/৭ | মিসেস আম্বিয়া খাতুন | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৩৮। | ফার্নিচার- ১৬/৮ | জনাব এম এ হামিদ | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৩৯। | ফার্নিচার- ১৬/৯ | মিসেস শামীমা আক্তার | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৪০। | ফার্নিচার - ১৬/১০ | মিসেস বকুল বেগম | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৪১। | ফার্নিচার -১৬/১১ | বেগম সাকিলা জাহান | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৪২। | ফার্নিচার -১৬/১২ | মিসেস সানজিদা আকতরা | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৪৩। | ফার্নিচার - ১৬/১৩ | মোঃ সাবের খান | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৪৪। | ফার্নিচার - ১৬/১৪ | জনাব আমীর হোসেন | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৪৫। | ফার্নিচার- ১৬/১৫ | মিসেস শাহীন মাহমুদ | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৪৬। | ফার্নিচার - ১৬/১৬ | বেগম রেহেনা আক্তার | ২,৪০৭/- | ২,০৮৪/- | ৪,৪৯১/- |
| ৪৭। | পুকুর পাড়/৩০ | অনাঃ ক্যাঃ মোঃ সিরাজুল হক, বিপি (অবঃ) | ২,৭৩৫/- | ২,০৮৪/- | ৪,৮১৯/- |
| ৪৮। | আড়ৎ-৮/১ | জনাব মোঃ আঃ রশিদ | ৩,৪১৩/- | ২,০৮৪/- | ৫,৪৯৭/- |
| ৪৯। | আড়ৎ- ৮/২ | জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক | ৩,৪১৩/- | ২,০৮৪/- | ৫,৪৯৭/- |
| ৫০। | আড়ৎ -৮/৩ | জনাব মোঃ আব্দুর রহমান | ৩,৪১৩/- | ২,০৮৪/- | ৫,৪৯৭/- |
| ৫১। | আড়ৎ- ৮/৪ | জনাব মোঃ মিজানুর রহমান | ৩,৪১৩/- | ২,০৮৪/- | ৫,৪৯৭/- |
| ৫২। | আড়ৎ- ৮/৫ | জনাব মোঃ সোহরাব হোসেন | ৩,৪১৩/- | ২,০৮৪/- | ৫,৪৯৭/- |
| ৫৩। | আড়ৎ -৮/৬ | জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক (বারেক) | ৩,৪১৩/- | ২,০৮৪/- | ৫,৪৯৭/- |
| ৫৪। | আড়ৎ -৮/৭ | জনাব মোঃ আঃ বারী | ৩,৪১৩/- | ২,০৮৪/- | ৫,৪৯৭/- |
| ৫৫। | আড়ৎ- ৮/৮ | জনাব মাঃ আঃ আহম্মদ ফারুক | ৩,৪১৩/- | ২,০৮৪/- | ৫,৪৯৭/- |
| ৫৬। | পার্ক-২৮ | মিসেস দেলোয়ারা বেগম | ৯১৭/- | ২,০৮৪/- | ৩,০০১/- |
| ৫৭। | পার্ক-৩৬ | নায়েক সুবেদার মোঃ রফিক উল্লাহ (অবঃ) | ৯১৭/- | ২,০৮৪/- | ৩,০০১/- |

আলোচ্য বিষয়-১৩: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | (১) মিসেস রাশিদা বেগম<br>স্বামী- মরহুম উইং কমান্ডার সৈয়দ এ কিউ এম আক্তারুজ্জামান<br>(২) সৈয়দ রাশেদ জামান<br>পিতা- মরহুম উইং কমান্ডার সৈয়দ এ কিউ এম আক্তারুজ্জামান | ৩৬৪ | মিরপুর ডিওএইচএস | ০৭ (সাত) তলা নতুন ভবন |
| ২। | লেঃ কর্ণেল (অবঃ) এস এম সাজ্জাদ হোসেন | ৪৫৭ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ৩। | (ক) লেঃ কর্ণেল (অবঃ) মুহাম্মদ দিদারুল আলম<br>(খ) মেজর (অবঃ) এ কে এম ফজলে কাদের | ৭৪৩<br>৭৪৫ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (৭৪৩ নং প্লটে ৩য় তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিটে রূপান্তর) |
| ৪। | লেঃ কর্ণেল (অবঃ) জাহিদুল ইসলাম উকিল | ৮৪৭ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (৩য় ও ৪র্থ তলায় ডুপ্লেক্স, ৬ ও ৭ তলায় এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট দেখানো হয়েছে) |
| ৫। | কমান্ডার জি এস এম হামিদুর রহমান | ৮৫৭ | মিরপুর ডিওএইচএস | নতুন ০৭(সাত) তলা |
| ৬। | মেজর (অবঃ) মোঃ দিলদার-উল-ইসলাম | ৮৮২ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (খালি প্লট) |
| ৭। | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সেকান্দার আলী তালুকদার | ৯১৬ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (আন্ডারগ্রাউন্ড ওয়াটার রিজারভার, সেপটিক ট্যাংক, জেনারেটর রুম ইত্যাদির অবস্থান পরিবর্তন) |
| ৮। | কর্ণেল কামরুল হাসান, বিপি | ১০৯২ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭ (সাত) তলা (আভ্যন্তরীন পরিবর্তন ২য় তলার দুই ইউনিটের পরিবর্তে এক ইউনিট এবং ৪র্থ তলার এক ইউনিটের পরিবর্তে দুই ইউনিট) |
| ৯। | রাশিদা কবির (রেবা স্ত্রী)<br>স্বামী-শহীদ মেজর মোঃ হুমায়ুন কবির সরকার<br>সাদাফ আবরার(ছেলে)<br>তাশদীদ আবরার রাইয়ান (ছেলে)<br>পিতা- শহীদ মেজর মোঃ হুমায়ুন কবির সরকার | ১২৫১ | মিরপুর ডিওএইচএস | নতুন ০৭(সাত) তলা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০। | মোসাঃ ফিরোজা বেগম (স্ত্রী)<br>স্বামী-মরহুম সাখাওয়াত হোসেন<br>শাহিনুর ফেরদৌস তুহিন (পুত্র)<br>মৌমিতা সুরভী মুনিয়া (কন্যা)<br>সামিয়া সিলভী জেসিকা (কন্যা)<br>সর্বপিতা- মরহুম সাখাওয়াত হোসেন | ১২৭৬ | মিরপুর ডিওএইচএস | নতুন ০৭(সাত) তলা |
| ১১। | উইং কমান্ডার (অবঃ) এম আব্দুল হালিম | ১৩৬২ | মিরপুর ডিওএইচএস | নতুন ০৭ তলা ভবন |
| ১২। | মোসাঃ ফাতেমা শিরিন গং | ৩২/এ (উত্তরাংশ) | বনানী ডিওএইচএস | সংশোধিত ৫ম তলার উপর ৬ষ্ঠ ও ৭ম তলা নির্মাণ। |
| ১৩। | গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) এম খলিলুর রহমান | ৪৮৭/বি | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ১৪। | জনাব মোঃ শফিকুল হায়দার গং | ৫৪১/৪ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| ১৫। | প্রকৌশলী জামিল উদ্দিন আহমেদ | ৪৪৯/১ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা (৩য় ও ৫ম তলায় দুই ইউনিটকে এক ইউনিটে রূপান্তর) |

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিভিন্ন ডিওএইচএস এলাকার ১৫টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী জানান। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভায় জানানো হয়।

সিদ্ধান্ত : ১৩.১। Land point of view-তে ডিওএইচএসসমূহের জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে আলোচ্য বিষয়-১৩ এর ক্রমিক নং-১, ৩, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১ ও ১৫ এর ১১টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা নিম্নোক্ত শর্তাধীনে অনুমোদন করা হয় ঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১৩.২। ক্রমিক নং-৪ এ উল্লেখিত মিরপুর ডিওএইচএস এর ৮৪৭ নং প্লটের অননুমোদিত নির্মাণ অপসারণ করতে হবে।

১৩.৩। আলোচ্য বিষয়-১৩ এর ক্রমিক নং-২, ১২, ১৩ ও ১৪ এ উল্লেখিত ভবনের ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদন করা হয়। এমআইএসটি কর্তৃক কারিগরি ভেটিং বাবদ যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে। ক্রমিক নং-১২ এর অননুমোদিত নির্মাণের জন্য সেনাসদরের নীতিমালায় জরিমানা আদায়ের লক্ষ্যে সেনাসদর, কিউএমজি শাখায় প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অতিরিক্ত জমির বিষয়ে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা কার্যক্রম গ্রহণ করবে। ক্রমিক নং-১৩ এর বিষয়ে এমআইএসটি কর্তৃক ভেটিং এবং অননুমোদিতভাবে ছয়তলা নির্মাণের জন্য ঐ ফ্লোর স্পেসের ক্ষতিপূরণ ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।

আলোচ্য বিষয়-১৪: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| *ক্রমিক নং* | *কাজের নাম* | *মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা)* | *ব্যয়ের খাত* | *মন্তব্য* |
|---|---|---|---|---|
| ১। | ২৫ ফেব্রুয়ারি ২০১৭ উপলক্ষ্যে বনানী সামরিক কবরস্থানের প্রয়োজনীয় মেরামত ও রংচুন কাজ। | ৩,০৮,৭৪২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৮(পুরাতন) ৯এ(নতুন) নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৮৭,৫৫,১৬৫/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যাক্ত সম্পত্তির বাসা নং ১০৬ এর পিছনে ড্রেন উঁচুকরণসহ স্ল্যাব নির্মাণ, ড্রেনের ময়লা আবর্জনা পরিস্কারকরণ, পায়ে চলার পথে পিসিসি ঢালাইকরণ এবং বাসার বাহির পার্শ্ব রংকরণ কাজ। | ১,৯৩,০৭৯/- | পরিত্যাক্ত সম্পত্তির খাত | |
| ৪। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৯ (পুরাতন) ১০(নতুন) নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৬৫,২০,১৮৩/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ৫। | হাজী মহসিন বাসস্টপের সম্মুখে গাছ পড়ে ভেঙ্গে যাওয়া গ্রীল মেরামত, মুসলিম মডার্ণ স্কুল সংলগ্ন পকেট গেইট মেরামত, ব্রডওয়ে বিল্ডিং এর সামনে গাছের গোড়ায় গাঁথুনীকরণ, শহীদ বদিউজ্জামান রোডের (মুসলিম মডার্ন একাডেমির দক্ষিণ-পশ্চিমে) জলাবদ্ধতা দূরীকরণের জন্য ড্রেন সংস্কারকরণ। | ৮৮,৪১২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা) | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪২ (পুরাতন) ১০(নতুন) নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৪০,১৩,৬৯৭/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ৭। | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ (আল্লাহু) সম্প্রসারণের জন্য ০৩ তলা ভীতের উপর নিচতলা নির্মাণ কাজ। | ৩,৫৩,১৬,০৬৪/- | সংশ্লিষ্ট মসজিদের দান তহবিল | |
| ৮। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৪ (পুরাতন) নতুন-৮ (উত্তর) নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৩৭,৯৮,৬৫৮/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ৯। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৭/এ (পুরাতন) ১৩ (নতুন) সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৪৮,৯৫,৯৩৭/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ১০। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৫১ (পুরাতন) ১২বি(নতুন) নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৩২,৯৬,৮২০/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ১১। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৫০ (পুরাতন) ১২(নতুন) নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৪৬,১৭,৭৩৭/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ১২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ নং রোডের ড্রেনের উপর আরসিসি স্ল্যাব নির্মাণ। | ১,৭৩,০৩৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৩। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৬০-০´´ চওড়া রোড উত্তর (পুরাতন) এভিঃ১১(নতুন) উত্তর নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৯৯,৮৫,৯৫০/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ১৪। | ক্যান্ট বাজার এলাকার ০৪ নং রোডের স্টাফ কোয়ার্টার নং-২৫/২(নিচতলা পূর্ব পার্শ্ব) সংস্কার, মেরামত ও রংকরণ। | ১,৮৫,১১৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১৫। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৬০-০´´ চওড়া রোড দক্ষিণ (পুরাতন) এভিঃ১১(নতুন) দক্ষিণ নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৯৯,৮৫,৯৫০/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ১৬। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৮/এ (পুরাতন) ১৪ (নতুন) সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৪৪,৬৪,২৯৬/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ১৭। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৪৭/এ (পুরাতন) এভিঃ ৯(নতুন) নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৮৫,৪৬,৯৭৯/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ১৮। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ১৬ (পুরাতন) ১০(নতুন) নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৫৭,৯০,৩১৩/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ১৯। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২/এ-১১ (৩য় তলা দক্ষিন পূর্ব পার্শ্ব) নং স্টাফ কোয়ার্টাররের মেরামত ও রংচুনকরণ কাজ। | ৫১,১৬৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২০। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ১৭/এ (পুরাতন) ১১(নতুন) নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৫৭,৯০,৩১৩/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ২১। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের ৩৩ (পুরাতন) ১১(নতুন) নং রোডের সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৫৩,৫৯,৩৫৫/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |
| ২২। | বাংলদেশ বিমান বাহিনী ঘাঁটি বাশার নিয়ন্ত্রিত অফিসার্স আবাসিক এলাকায় শিশু পার্কের ১১টি আধুনিক খেলনা সরবরাহ ও বিদ্যমান খেলনা মেরামত কাজ। | ৯,৯৪,২১২/- | বোর্ড তহবিল | |
| ২৩। | মিরপুর ডিওএইচএস এর ৩য় ধাপের রোড নং-২৯/এ (পুরাতন) ১৫ (নতুন) সাববেইজ, ম্যাকাডামসহ প্ল্যান্ট মেথডে কার্পেটিংকরণ। | ৪৪,০৭,০৩৩/- | বোর্ড তহবিল/ অনুদান/ডিপিপি | |

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিকদের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-১৪ এর ২২টি প্রকল্পের মূল্যানুমান অনুমোদন করা হয়। ক্রমিক নং- ১, ৫, ১২, ১৪ ও ১৯ এ বর্ণিত প্রকল্পগুলোর বিপরীতে বাজেট বরাদ্দ সাপেক্ষে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-৩ এর প্রকল্পটি পরিত্যক্ত সম্পত্তি পরিচালনা পরিষদের সভার অনুমোদনক্রমে বাস্তবায়ন করতে হবে। ক্রমিক নং-৭ এর প্রকল্পের মূল্যানুমান সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে দানের মাধ্যমে সংগৃহীত অর্থ দ্বারা বাস্তবায়ন করতে হবে। ক্রমিক নং-২, ৪, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১৩, ১৫, ১৬, ১৭, ১৮, ২০, ২১, ২২ ও ২৩ এ বর্ণিত প্রকল্পগুলোর মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৫: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | মহাখালী ডিওএইচএস এর ১৬ নং রোডের ড্রেনের ওয়াল উঁচুকরণসহ আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ। | ১,১৭,৩১৭/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ১,১৭,৩১৭/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২। | মহাখালী ডিওএইচএস এর ১৯/বি ও ১৯/সি রোডের মধ্যবর্তী ড্রেনের ভেঙ্গে যাওয়া ওয়াল পুনঃনির্মাণ কাজ। | ১,৩৩,১৭০/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,৩৩,১৭০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩। | ক্যান্টনমেন্ট বোর্ডের প্রবেশ গেইটে নামফলক স্থাপন, সিকিউরিটি পোষ্ট ও সিকিউরিটি ব্যারিয়ার নির্মাণ কাজ। | ১,২৩,০০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ১,২৩,০০০/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ৪। | সেনাসদর অফিসার্স মেসের উত্তর পার্শ্বে ভাষানটেকগামী পকেট গেইট রাস্তার জলাবদ্ধতা দূরীকরণের জন্য ড্রেন নির্মান ও রাস্তার পার্শ্বে স্তপীকৃত মাটি অপসারণ কাজ। | ১,৯৮,৬১৫/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ ৫/এইচ, রজনীগন্ধা সুপার মার্কেট | ২,০৮,১৪৮/৫২ | মেরামত ও রক্ষণাবেক্ষণ (নর্দমা খাত) | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫। | মিরপুর ডিওএইচএস এর প্লট নং-৭০৮ এর সম্মুখে পানি নিষ্কাশনের জন্য পিভিসি পাইপ সরবরাহ ও পিট নির্মাণ কাজ। | ২৩,০০০/- | মেসার্স এস এস ট্রেডার্স | ২৩,০০০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/বোর্ড তহবিল | |
| ৬। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মেলন কক্ষের জন্য ০১টি প্রজেক্টর সরবরাহ ও স্থাপন কাজ। | ১,০৭,০০০/- | মেসার্স মজিদ এন্ড সন্স কনস্ট্রাকশন লিঃ | ১,০৭,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৭। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মেলন কক্ষের জন্য ০১টি ২ টনী এয়ার কন্ডিশনার সরবরাহ ও স্থাপন কাজ। | ১,২৬,০০০/- | মেসার্স মজিদ এন্ড সন্স কনস্ট্রাকশন লিঃ | ১,২৬,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৮। | রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগী বাজারের পূর্ব পার্শ্বে খালি জায়গায় (গরুর হাট) ময়লা/রাবিশ অপসারণ, রাস্তা তৈরিকরণ, বালি ভরাটসহ স্ল্যাব নির্মাণ কাজ। | ৬,৩৭,৬০৩/- | মেসার্স সুবর্না এন্টারপ্রাইজ | ৬,৩৭,৬০৩/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৯। | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস অফিস ভবনের নিচতলায় ০১টি টয়লেট এবং ০১টি রেকর্ড রুম নির্মাণ। | ৬,৫০,০০০/- | মেসার্স এস এস ট্রেডার্স | ৬,৫০,০০০/- | বোর্ড তহবিল | |
| ১০। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল ০৩(তিন) তলা ভবনের বাহির পার্শ্ব ওয়েদারকোটসহ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৪,০০,০০০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ৪,০০,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ১১। | কচুক্ষেত পুরান বাজার এলাকার মিরপুর-১৪ লিংক রোড হতে মুসলিম মডার্ণ একাডেমির পশ্চিম পার্শ্বে পকেট গেইট হয়ে সিবি-৩২/১ পর্যন্ত (রোড-১) মেরামত ও ড্রেন উঁচুকরণ কাজ। | ৮১,৩৪,০০০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৮৫,৩৮,২৬০/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ১২। | কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-৭২ হতে সিবি-৩৮ পর্যন্ত (রোড-২) মেরামত ও ড্রেন উঁচুকরণ কাজ। | ৩৭,৯৩,০০০/- | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ৩৯,৫৯,৮৯২/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ১৩। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-১১ (পুরাতন-৪৩) এর রাস্তার উচ্চতা বৃদ্ধিসহ সলিংকরণ কাজ। | ৯,৮১,০০০/- | মেসার্স ইমন ট্রেডার্স | ১০,২৮,০৮৮/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/ বোর্ড তহবিল | |
| ১৪। | মিরপুর ডিওএইচএস এলাকার রোড নং-৪ হতে রোড নং-৬ (প্লট নং-৩০৫ হতে উত্তর দিকে রাওয়া ক্লাব) পর্যন্ত পায়ে চলার রাস্তা আরসিসি ঢালাইকরণ কাজ। | ৩,৭৩,০০০/- | মেসার্স সাইমুন ইন্টারন্যাশনাল | ৩,৭৩,০০০/- | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ/ বোর্ড তহবিল | |
| ১৫। | কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-৭১ হতে সিবি-১৪১ পর্যন্ত (রোড-৩) মেরামত ও ড্রেন উঁচুকরণ কাজ। | ৫৬,৪৫,০০০/- | মেসার্স মনি ট্রেডিং কর্পোরেশন | ৫৯,১৯,৯১১/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ১৬। | কচুক্ষেত পুরান বাজার এলাকার সিবি-২৫৮ হতে সিবি-১৯১ পর্যন্ত (মিলি সুপার মার্কেট রোড-৪) মেরামত ও ড্রেন উঁচুকরণ কাজ। | ৭২,৬২,০০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৭৬,১৭,১১১/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ১৭। | রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে খালি জায়গা (পুকুর) ভরাট করণসহ ১৮˝ ডায়া আরসিসি পাইপ স্থাপন কাজ। | ২০,০০,০০০/- | মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন | ২০,০০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ১৮। | মিরপুর সেনানিবাসের ময়লার কাদা/পলিথিন ইত্যাদি অপসারণ করে ড্রেন নির্মাণ ও রাবিশ ফেলে ৫২৫-০˝ × ১৫-০˝ রাস্তা যান চলাচল উপযোগীকরণ কাজ। | ৩,৪১,০০০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ৩,৪১,০০০/- | বোর্ডের স্থানীয় আয় | |
| ১৯। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলের পূর্ব পার্শ্বস্থ ভবনের ২য় তলার উপর ৩য় তলা নির্মাণ এবং পূর্ব ও উত্তর দিকের ভবনের সংযোগ করিডোর নির্মাণ কাজ। | ৫৯,৯৯,৯০৮/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ (১৪/বি, ৮/১৪, মিরপুর-১৪) | ৫৯,৯৯,৯০৮/- | অনুদান/ বোর্ড তহবিল | |
| ২০। | রজনীগন্ধা টাওয়ারের ৩৭টি এসি সার্ভিসিং, মেরামত এবং ০৫টি সার্কিট ব্রেকার পরিবর্তন কাজের | ২,৬১,২৭০/- | সোহানা রিফ্রিজারেশন | ২,৬০,৮৫৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২১। | আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসকে স্টেশনারী সামগ্রী সরবরাহকরণ কাজ। | ৩,০৬,০০০/- | লাকী বুকস্ এন্ড স্টেশনারী | ৩,০৬,০০০/- | বোর্ড তহবিল | |
| ২২। | আর্মি এমপি ইউনিটের জন্য রিফ্লেকটিভ টেপ (হানিকম্ব) সরবরাহকরণ কাজ। | ১,৮০,০০০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ১,৮০,০০০/- | বোর্ড তহবিল | |
| ২৩। | অবৈধ যানবাহন সেনানিবাসে প্রবেশের জন্য ১৩ এমপি ইউনিটকে পিপিসি মেশিন ও কম্পিউটারের প্রিন্টারের টোনার সরবরাহকরণ কাজ। | ২,৫৭,০০০/- | লাকী বুকস্ এন্ড স্টেশনারী | ২,৫৭,০১৫/- | বোর্ড তহবিল | |
| ২৪। | বাংলাদেশ বিমান বাহিনীর ১ প্রভোষ্ট ও নিরাপত্তা ইউনিটের জন্য স্টেশনারী মালামাল সরবরাহকরণ কাজ। | ৪৮,০০০/- | এইচএন কম্পিউটার এন্ড ষ্টেশনারী | ৪৮,০৩০/- | বোর্ড তহবিল | |
| ২৫। | ঢাকা সেনানিবাসস্থ বিমান বাহিনী নিয়ন্ত্রিত এলাকার প্রধান সড়কে রোড ডিভাইডার ও রোটারী লাইটসহ প্রয়োজনীয় সরঞ্জামাদি স্থাপন কাজ। | ১,৫৫,০০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ১,৫৪,৯৮৯/- | বোর্ড তহবিল | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ২৬। | ঢাকা সেনানিবাসের প্রধান সড়কে ৬৫ ওয়াট ১০০টি এনার্জি সেভিং বাল্ব (এনার্জি প্যাক-অফ হোয়াইট ও সাদা) সরবরাহকরণ কাজ। | ১,২৫,০০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ১,২৫,০০০/- | বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত | |
| ২৭। | ক্যান্ট বাজার এলাকার ০৪ নং রোডের বাসা নং-১০১ (৩য় তলা দক্ষিণ পার্শ্ব) সংস্কার, মেরামত ও রংকরণ কাজ। | ৭১,৭৬২/- | মের্সা এমএইচ এন্টারপ্রাইজ | ৭১,৭৬২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৮। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের বাসা নং-৬৫/ডি-১২ সংস্কার, মেরামত রংকরণ এবং ৬৫/ডি নং ভবনের বাহির পার্শ্ব রংকরণ কাজ। | ৩,৩৮,২৯৪/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ৩,৩৮,২৯৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৯। | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের পশ্চিম দিকের বাউন্ডারী ওয়াল উঁচুকরণসহ বারবেড ওয়াল স্থাপন ও ইমাম কোয়ার্টারের সেপটি গ্রীল স্থাপন এবং মসজিদের কলাপসিবল গেইট মেরামতকরণ কাজ। | ৫২,৯৭২/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ৫২,৯৭২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ৩০। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের পূর্ব ব্লকে ০৫ (পাঁচ) তলা ফাউন্ডেশনসহ ০৩(তিন) তলা পর্যন্ত ভবন নির্মাণ কাজ। | ১,১০,৩৮,০০০/- | মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ | ১,১৫,৮৪,৩৮১/- | ৫০ লক্ষ টাকা অনুদান ও অবশিষ্ট অর্থ কলেজ তহবিল হতে সংকুলান করতে হবে | |
| ৩১। | বিমান বাহিনী সদর দপ্তরের সম্মুখে একটি ডিজিটাল স্পীড চেক ডিসপ্লে বোর্ড/রাডার সরবরাহ ও স্থাপন। | ৪,৫০,০০০/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা | ৪,৫০,০০০/- | বোর্ড তহবিল | |
| ৩২। | আর্মি এমপি ইউনিটের জন্য ৫০০টি (বড়) প্লাষ্টিকের ডিভাইডার, ১০০০ বর্গফুট হানিকম্ব স্টীকার, ২০টি ইউটার্ন বোর্ড (স্টীকার দ্বারা লেখাসহ) স্থাপন কাজ। | ১০,০৪,০০০/- | মেসার্স আমিন ব্রাদার্স | ১০,০৪,০০০/- | বোর্ড তহবিল | |
| ৩৩। | আর্মি এমপি ইউনিটের জন্য এমপি চেকপোষ্টে বিদ্যমান আর্চওয়ের উপর ০৪টি টিনের ছাউনি নির্মাণ, মিরপুর সেনানিবাসের জন্য ১০০টি প্লাষ্টিক ডিভাইডার, সিমেন্টের ২৫টি পাকা ডিভাইডার, স্টীকার ও রশি সরবরাহ কাজ। | ৩,৮৯,৯১২/ | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ | ৩,৮৯,৯১২/ | বোর্ড তহবিল | |
| ৩৪। | ঢাকা সেনানিবাসের প্রধান সড়কে নিরাপত্তা বাতির জন্য হাই প্রেসার সোডিয়াম লাইট, ব্যালাষ্ট ও ইগনেটর সরবরাহকরণ। | ৫,৭৬,৫০০/- | এ এন্ড ডি ব্রাদার্স | ৫,৭৬,৫০০/- | বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত | |

আলোচনা : আলোচ্য বিষয়-১৫ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা ও সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহ্বান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সামনে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : আলোচ্য বিষয়-১৫ এর ৩৪ (চৌত্রিশ)টি প্রকল্পের দর অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন করা হয়। আলোচ্য বিষয়-১৫ এর ক্রমিক নং-১, ২, ৪, ৬, ৭, ৮, ১০, ২০, ২৬, ২৭, ২৮, ২৯ ও ৩৪ এ উল্লেখিত প্রকল্পগুলোর কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-৩, ৫, ৯, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ৩০, ৩১, ৩২, ৩৩ এর প্রকল্পসমূহের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-১৬: নকশা অনুমোদন ফি পুনঃনির্ধারণ প্রসংগে।

আলোচনা : গত ২৮ আগস্ট, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়- .. এর মাধ্যমে রাজউক, সাভার ক্যান্টনমেন্ট বোর্ড ও চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যে হারে নকশা অনুমোদন ফি আদায় করা হয় তার সাথে সামঞ্জস্য রেখে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড এলাকায় নকশা অনুমোদন ফি আদায়ের সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক রাজউক, সাভার ক্যান্টনমেন্ট বোর্ড ও চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক আদায়কৃত নকশা অনুমোদন ফি এর হারে নিম্নে প্রদত্ত হলো ঃ-

| ক্রমিক নং | এলাকা | রাজউক (আবাসিক/বাণিজ্যিক) | চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড | সাভার ক্যান্টনমেন্ট বোর্ড | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | ঘোষিত এলাকা/ ডিওএইচএস/ রাজউক | (ক) ১০০১-১৫০০ বর্গমিটার ১০৭৭৫-১৬১৪৬ বর্গফুট ৪ কাঠায় ৭ তলা হলে ৭,৮০০/- টাকা<br>(খ) ১৫০১-২০০০ বর্গমিটার ১৬১৫৭-২১৫২৮ বর্গফুট ৫ কাঠায় ৭ তলা হলে ১১,০০০/- | (ক) ঘোষিত এলাকার ৫ কাঠার জন্য ১০,০০০/-টাকা<br>(খ) ৫ কাঠার উর্ধ্বে ২০,০০০/- টাকা<br>(গ) বাণিজ্যিক প্রতি বর্গফুট ৫/- টাকা হারে<br>(ঘ) ডিওএইচএস এর জন্য ১,০১০/- টাকা (এককালীন) | (ক) ঘোষিত এলাকা আবাসিক ২/- টাকা/বর্গফুট<br>(খ) বাণিজ্যিক ৫/- টাকা/ বর্গফুট<br>(গ) ডিওএইচএস এর জন্য অদ্যাবধি নকশা অনুমোদন ফি নির্ধারিত হয়নি। | (ক) ঘোষিত এলাকা ২০১০/- টাকা/বর্গফুট<br>(খ) বাণিজ্যিক ৫/- টাকা/ বর্গফুট<br>(গ) ডিওএইচএস এর জন্য ১০১০/- টাকা / বর্গফুট<br>(ঘ) রাস্তার ক্ষতিপূরণ প্রতি বর্গফুট ১০/- টাকা (মালিক) প্রতি বর্গফুট ২০/- টাকা (ডেভেলোপার/ সংস্থা) | |

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ডে বর্তমানে বিদ্যমান হারেই নকশা অনুমোদন ফি আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-১৭: বনানী ডিওএইচএস এর ৬১ নং প্লটে আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদনের জন্য রাস্তার ক্ষতিপূরণ ফি পরিশোধ প্রসংগে বেগম সাহারা ইসলাম এর ২৫ সেপ্টেম্বর, ২০১৬ তারিখের আবেদন।

আলোচনা : বনানী ডিওএইচএস এর ৬১ নং প্লটে বাড়ী নির্মাণের জন্য ২২/৭/২০১৪ তারিখে নকশা অনুমোদন করা হয়। কিন্তু দুই বছরের অধিক সময়েও বাড়ী নির্মাণ কাজ না করে ২৯/৮/২০১৬ তারিখে সংশোধিত নকশা অনুমোদনের জন্য আবেদন করেন। তৎপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে বোর্ডসভায় সংশোধিত বেজমেন্ট ও ০৭ তলার আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদন করা হয় ঃ-

(ক) পুরাতন বাড়ি ভেঙ্গে করলে প্রতি বর্গফুট ২০/- টাকা হারে এবং নতুন ভবনের ক্ষেত্রে প্রতি বর্গফুট ১০/- টাকা হারে (প্লট মালিক নিজে করলে) এককালীন রাস্তার ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

সিদ্ধান্ত : বনানী ডিওএইচএস এর ৬১ নং প্লটে ২২/৭/২০১৪ তারিখে অনুমোদিত নকশা অনুযায়ী বাড়ী নির্মাণ না করায় পরবর্তীতে সংশোধিত নকশা অনুমোদনের সিদ্ধান্ত অনুযায়ী রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। বিষয়টি আবেদনকারীকে অবহিত করতে হবে।

আলোচ্য বিষয়-১৮: ২৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-১১.২ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে শহীদ জাহাঙ্গীর গেইট হতে আইএসএসবি এবং সৈনিক ক্লাব এমপি চেকপোষ্ট হতে রজনীগন্ধা এমপি চেকপোষ্ট পর্যন্ত রাস্তার ডিভাইডার এর বিস্তারিত নকশা বোর্ডসভায় উপস্থাপন প্রসংগে।

আলোচনা : শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত এবং স্বাধীনতা সরণির সৈনিক ক্লাব এমপি চেকপোষ্ট হতে রজনীগন্ধা এমপি চেকপোষ্ট পর্যন্ত বিদ্যমান প্লাষ্টিক ডিভাইডার ও অন্যান্য ডিভাইডারের বিবরণ:

(ক) প্লাষ্টিক ডিভাইডার ৬৫২টি ( দৈর্ঘ্য ৫৭৩০ ফুট);
(খ) সর্ট পাকা ডিভাইডারের উপর জিআই রেলিং ১৬০০ ফুট;
(গ) সর্ট পাকা ডিভাইডারের মাঝখানে ২৭৯৫ ফুট লম্বা;
(ঘ) পাকা ডিভাইডার ৩টি জিআই পাইপের ফেন্সিং;
(ঙ) শুধুমাত্র জিআই পাইপের রেলিং রাস্তার মাঝখানে;

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসের সকল রাস্তায় একই রকম এবং কার্যকরী রোড ডিভাইডার স্থাপনের জন্য নমুনা মোতাবেক রাস্তায় ১০০ ফুট রোড ডিভাইডার স্থাপন ও পর্যবেক্ষণ করে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

আলোচ্য বিষয়-১৯: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডস্থ ১৬/বি নং প্লটে ১৫(পনের) তলা বিশিষ্ট ক্যাডেট কলেজ মাল্টিপারপাস কমপ্লেক্স এর নকশা অনুমোদনের জন্য জিই (আর্মি) প্রজেক্ট, ঢাকা সেনানিবাসের ১৬ অক্টোবর ২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ নং রোডস্থ ১৬/বি নং প্লটে ১৫(পনের) তলা বিশিষ্ট ক্যাডেট কলেজ মাল্টিপারপাস কমপ্লেক্স এর নকশা অনুমোদনের জন্য জিই (আর্মি) প্রজেক্ট, ঢাকা সেনানিবাস কর্তৃক গত ১৬ অক্টোবর ২০১৬ তারিখে অত্র দপ্তরে নকশা দাখিল করা হয়েছে। বিল্ডিং বাই'ল অনুযায়ী আবাসিক এলাকায় ০৭(সাত) তলার বেশী উচ্চতার ভবনের নকশা অনুমোদনের সুযোগ নেই।

সিদ্ধান্ত : সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২০: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫০ নং প্লটে নির্মাণ কাজের সময়সীমা বৃদ্ধির জন্য প্রকৌশলী মেজর মোঃ জসিম উদ্দিন (অবঃ) এর ১০ অক্টোবর ২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫০ নং প্লটে ভবন নির্মাণের জন্য গত ১৬/৯/২০১৫ তারিখে নকশা অনুমোদন করা হয়। নির্মাণ কাজের সময়সীমা ১২ মাস গত ১৫/৯/২০১৬ তারিখে উত্তীর্ণ হয়েছে। প্লট মালিক নির্মাণ কাজের সময়সীমা আরো ১২ মাস বৃদ্ধি করার জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন। বর্তমানে ০৭ তলার ছাদের শাটারিং সেন্টারিং কাজ চলমান আছে। প্লটের পিছনে ৬-৬´ এর মধ্যে নকশা বহির্ভূতভাবে ২×৫×১২-০´×৩-০´ =৩৬০ বর্গফুট ক্যান্টিলিভার বারান্দা নির্মাণ করা হয়েছে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫০ নং প্লটে নির্মাণাধীন ভবনের অননুমোদিত নির্মাণ অপসারণ সাপেক্ষে অনুমোদিত নকশার সময়সীমা ১৫/৯/২০১৭ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২১: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ ও ৬/এ নং প্লটে নির্মাণ কাজের সময়সীমা বৃদ্ধির জন্য প্লট মালিকের পক্ষে জনাব মোঃ আজিজুল হক এর ০৩ অক্টোবর ২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ ও ৬/এ নং প্লটে ০১(এক) তলা ভবন নির্মাণের জন্য গত ৩০/১২/২০১৪ তারিখে নকশা অনুমোদন করা হয়। নির্মাণ কাজের সময়সীমা ১২ মাস ৩০/১২/২০১৫ তারিখে উত্তীর্ণ হয়েছে। প্লট মালিক নির্মান কাজের সময়সীমা আরো ০২(দুই) বছর (ডিসেম্বর ২০১৭ পর্যন্ত) বৃদ্ধি করার জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন। বর্তমানে উক্ত প্লটে নির্মাণাধীন ভবনের একতলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ ও ৬/এ নং প্লটে ০১(এক) তলার ছাদে উর্ধ্বমুখী সম্প্রসারণের লক্ষ্যে কোন নির্মাণ কাজ না করার শর্তে অনুমোদিত নকশার সময়মীমা ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২২: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪/এ নং প্লটে নির্মাণ কাজের সময়সীমা বৃদ্ধির জন্য প্লট মালিক খাজা তাজমহল এর ০৩ অক্টোবর ২০১৬ তারিখের আবেদন প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪/এ নং প্লটে ০৭ তলা ভবন নির্মাণের জন্য গত ১১/৯/২০১৪ তারিখে নকশা অনুমোদন করা হয়। ভবনটি বর্তমানে ০৭ তলা পর্যন্ত নির্মাণ সম্পন্ন করা হয়েছে। নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য আরো ০৬ মাস সময়সীমা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট প্লট মালিক ০৩/১০/২০১৬ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটের পিছনে ৬-৬´´ এর মধ্যে অননুমোদিতভাবে ১২-০´´×৪-০´´ টয়লেট নির্মাণাধীন আছে এবং ২য় তলায় ৮ -০´´×২-৬´´ ক্যান্টিলিভার বারান্দা নির্মাণ করা হয়েছে। প্লটের পশ্চিম পার্শ্বে ৪-০´´ এর মধ্যে ৮-০´´×১-৬´´ × ৬তলা ক্যান্টলিভার সিড়ির ল্যান্ডিং নির্মাণ করা হয়েছে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪ নং প্লটে নির্মাণাধীন ভবনের অননুমোদিত নির্মাণ অপসারণ সাপেক্ষে অনুমোদিত নকশার সময়সীমা ৩০/৪/২০১৭ পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৩: শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ০৬ তলা ভীতের উপর ৩য় তলায় নির্মাণাধীন ০৩টি শ্রেণী কক্ষের সাথে আরো ০৩টি শ্রেণী কক্ষ নির্মাণের বিষয়ে ৫৫,০০,০০০/- (পঞ্চান্ন লক্ষ) টাকা বিদ্যালয় তহবিল হতে প্রদান না করার বিষয়ে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ২৭/৯/২০১৬ তারিখের পত্র প্রসংগে।

আলোচনা : গত ২৯ আগস্ট ২০১৬ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-৩০ এর সিদ্ধান্ত মোতাবেক শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ৩য় তলায় অবশিষ্ট তিনটি শ্রেণী কক্ষ নির্মাণের জন্য বিদ্যালয় তহবিল হতে ৫৫,০০,০০০/- (পঞ্চান্ন লক্ষ) টাকা ব্যয় সংকুলান সাপেক্ষে মূল্যানুমান প্রস্তত করে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু সংশ্লিষ্ট প্রধান শিক্ষক ২৭/৯/২০১৬ তারিখের পত্রের মাধ্যমে উক্ত অর্থ বিদ্যালয় তহবিল হতে সংকুলান করা সম্ভব নয় মর্মে জানিয়েছেন।

সিদ্ধান্ত : শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ০৬ তলা ভীতের উপর ৩য় তলায় নির্মাণাধীন ০৩টি শ্রেণী কক্ষের সাথে আরো ০৩টি শ্রেণী কক্ষ নির্মাণের জন্য ৫৫,০০,০০০/- (পঞ্চান্ন লক্ষ) টাকার অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-২৪: আর্মি এমপি ইউনিটকে এমপি সপ্তাহ পালনের জন্য ব্যানার ফেষ্টুন, কাঠের তৈরি ফ্রেম, মাইক, গ্যাস বেলুন, উদ্বোধনী বেলুন, গুনাতার, রশি, তারকাটা, চিরাই কাঠ, মিস্ত্রি, ইত্যাদি সরবরাহকরণ ও স্থাপনের জন্য মোট ৪,০০,৩৫৫/- (চার লক্ষ তিনশত পঞ্চান্ন) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : সেনানিবাসে অবৈধ গাড়ী এবং বসবাসরত জনসাধারণকে নিরাপত্তা এবং রাস্তায় সঠিকভাবে যানবাহন চলাচল নিশ্চিত করার জন্য প্রতি বছর এমপি ইউনিট কর্তৃক এমপি সপ্তাহ পালন করা হয়ে থাকে। আর্মি এমপি ইউনিটের চাহিদাকৃত ব্যানার, ফেষ্টুন, কাঠের তৈরি ফ্রেম, মাইক, গ্যাস বেলুন, উদ্বোধনী বেলুন, গুণাতার, রশি, তারকাটা, চিরাই কাঠ, মিস্ত্রি, ইত্যাদি সরবরাহকরণ ও স্থাপনের জন্য মোট ৪,০০,৩৫৫/- (চার লক্ষ তিনশত পঞ্চান্ন) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসে এমপি সপ্তাহ পালনের জন্য আর্মি এমপি ইউনিটকে ব্যানার ফেষ্টুন, কাঠের তৈরি ফ্রেম, মাইক, গ্যাস বেলুন, উদ্বোধনী বেলুন, গুনাতার, রশি, তারকাটা, চিরাই কাঠ, মিস্ত্রি, ইত্যাদি সরবরাহকরণ ও স্থাপনের জন্য মোট ৪,০০,৩৫৫/- (চার লক্ষ তিনশত পঞ্চান্ন) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৫: ১৩ এমপি ইউনিটকে এমপি সপ্তাহ পালনের জন্য ব্যানার ফেষ্টুন, কাঠের তৈরি ফ্রেম, মাইক, গুনাতার, রশি, তারকাটা, চিরাই কাঠ, মিস্ত্রি, ইত্যাদি সরবরাহকরণ ও স্থাপনের জন্য মোট ১,৫৮,৭৬০/- (এক লক্ষ আটান্ন হাজার সাতশত ষাট) টাকার ব্যয়ের অনুমোদন প্রসংগে। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : সেনানিবাসে অবৈধ গাড়ী এবং বসবাসরত জনসাধারণকে নিরাপত্তা এবং রাস্তায় যানবাহন সঠিকভাবে চালানোর জন্য প্রতি বছর এমপি ইউনিট এমপি সপ্তাহ পালন করে থাকে। তাদের চাহিদার প্রেক্ষিতে উক্ত এমপি সপ্তাহে প্রতি বারের ন্যায় এ বছরও ১৩ এমপি এমপি ইউনিটকে বর্নিত মালামাল সরবরাহ করতে ১,৫৮,৭৬০/- (এক লক্ষ আটান্ন হাজার সাতশত ষাট) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : ১৩ এমপি ইউনিটকে এমপি সপ্তাহ পালনের জন্য ব্যানার ফেষ্টুন, কাঠের তৈরি ফ্রেম, মাইক, গুনাতার, রশি, তারকাটা, চিরাই কাঠ, মিস্ত্রি, ইত্যাদি সরবরাহকরণ ও স্থাপনের জন্য মোট ১,৫৮,৭৬০/- (এক লক্ষ আটান্ন হাজার সাতশত ষাট) টাকার ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৬: এমপি সপ্তাহ পালনের জন্য আর্মি এমপি ইউনিটকে রাস্তায় রোড ডিভাইডারে লাগানোর জন্য ২০০ কেজি লাল রশি সরবরাহ ও স্থাপনের জন্য মোট ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : যানবাহনের নিরাপত্তার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক রাস্তায় রোড ডিভাইডার স্থাপন করা হয়েছে। এমপি ইউনিটের চাহিদার প্রেক্ষিতে রোড ডিভাইডারের রশিগুলো পরিবর্তন করার জন্য ২০০ কেজি লাল নাইলন রশি সরবরাহ/স্থাপন করতে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : এমপি সপ্তাহ পালনের জন্য আর্মি এমপি ইউনিটকে রাস্তায় রোড ডিভাইডারে লাগানোর জন্য ২০০ কেজি লাল রশি সরবরাহ ও স্থাপনের জন্য মোট ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৭: আর্মি এমপি ইউনিটের জন্য ৩০০ ফুট লাল, ৩০০ ফুট হলুদ, ৩০০ ফুট সাদা মোট ৯০০ ফুট হানিকম্ব টেপ সরবরাহ করণের জন্য মোট ২,৭০,০০০/- (দুই লক্ষ সত্তর হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : মিরপুর ডিওএইচএস এলাকার প্রধান সড়কের জন্য ২০০টি রোড ডিভাইডার স্থাপন করা হয়েছে। তাদের চাহিদার প্রেক্ষিতে রোড ডিভাইডারগুলো গাড়ী চালকদের স্পষ্টভাবে নজরে আসার জন্য ৩০০ ফুট লাল, ৩০০ ফুট হলুদ, ৩০০ ফুট সাদা মোট ৯০০ ফুট হানিকম্ব টেপ সরবরাহ করা প্রযোজন। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : আর্মি এমপি ইউনিটের জন্য ৩০০ ফুট লাল, ৩০০ ফুট হলুদ, ৩০০ ফুট সাদা মোট ৯০০ ফুট হানিকম্ব টেপ সরবরাহ করণের জন্য মোট ২,৭০,০০০/- (দুই লক্ষ সত্তর হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-২৮: মিরপুর ডিওএইচএস এলাকায় রাস্তার নিরাপত্তা বাতি সচল রাখার জন্য ডিওএইচএস পরিষদকে ২৩ ওয়াটের ২০০টি এনার্জি সেভিং বাল্ব (এনার্জি প্যাক) সরবরাহ করার জন্য ৭২,০০০/- (বাহাত্তর হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনা : মিরপুর ডিওএইচএস এলাকায় রাস্তার নিরাপত্তা বাতি সচল রাখার জন্য ডিওএইচএস পরিষদকে তাদের চাহিদার প্রেক্ষিতে ২৩ ওয়াটের ২০০টি এনার্জি সেভিং বাল্ব (এনার্জি প্যাক) সরবরাহ করতে ৭২,০০০/- (বাহাত্তর হাজার) টাকা ব্যয় হবে। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এলাকায় রাস্তার নিরাপত্তা বাতি সচল রাখার জন্য ডিওএইচএস পরিষদকে ২৩ ওয়াটের ২০০টি এনার্জি সেভিং বাল্ব (এনার্জি প্যাক) সরবরাহ করার জন্য ৭২,০০০/- (বাহাত্তর হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-২৯: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে ডিপিপি এর আওতায় বাস্তবায়নের জন্য মোট ৪৯,৯৯,৬৫,০০০.০০ (উনপঞ্চাশ কোটি নিরানব্বই লক্ষ পয়ষট্টি হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকার কাজের পরিধি পূর্বের তুলনায় বহুগুণ বৃদ্ধি পেলেও আয় আশানুরূপভাবে বৃদ্ধি না পাওয়ায় উক্ত এলাকায় বসবাসকারী নাগরিকদের যথাযথ সেবা প্রদান করা সম্ভবপর হচ্ছে না। বিশেষ করে পর্যাপ্ত বাজেটের অভাবে ড্রেন নির্মাণ, রাস্তা-ঘাট নির্মাণ ও সংস্কার প্রায়শই সম্ভব হয় না। তাই অত্যাবশ্যকীয় কয়েকটি প্রকল্প ডিপিপি'র আওতায় সরকারী অনুদানের মাধ্যমে সম্পাদন করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। সে প্রেক্ষিতে ইতোমধ্যে ৪৯,৯৯,৬৫,০০০.০০ (উনপঞ্চাশ কোটি নিরানব্বই লক্ষ পয়ষট্টি হাজার) টাকার ডিপিপি প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থ বছরে ডিপিপি এর আওতায় বাস্তবায়নের জন্য মোট ৪৯,৯৯,৬৫,০০০.০০ (উনপঞ্চাশ কোটি নিরানব্বই লক্ষ পয়ষট্টি হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩০: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর লিফ্‌ট, এ্যাসকালেটর ও ফায়ার ফাইটিং কাজের বিষয়ে বাংলাদেশ মেশিন টুলস্ ফ্যাক্টরি কর্তৃক দাখিলকৃত প্রস্তাব ও মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা : মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর লিফ্‌ট, এ্যাসকালেটর ও ফায়ার ফাইটিং কাজের অনুমোদিত মূল্যানুমান, স্পেসিফিকেশন, সংশোধিত মূল্যানুমান ও স্পেসিফিকেশন অনুযায়ী ওটিএম (OTM) পদ্ধতিতে দরপত্র আহ্বান করা হলে গত ২১ জুলাই, ২০১৬ তারিখে লিফ্‌ট ও এ্যাসকালেটর এর জন্য ৪টি এবং ফায়ার ফাইটিং কাজের জন্য ৮টি দরপত্র পাওয়া যায়। তবে অনুমোদিত মূল্যানুমান ও দরপত্র সিডিউলের স্পেসিফিকেশনে ক্রটি পাওয়া গেছে।

সিদ্ধান্ত : গত ২৬ জুলাই, ২০১৬ তারিখে প্রাপ্ত দরপত্রের স্পেসিফিকেশনে ক্রটি থাকায় মিরপুর ডিওএইচএস এর লিফ্‌ট, এ্যাসকালেটর এবং ফায়ার ফাইটিং উভয় কাজের দরপত্র বাতিলের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩১: মেসার্স ম্যাক্সিম এসোসিয়েটস্, প্রোঃ-জনাব মোঃ মাহফুজ সালেক এবং হোম স্ট্রেট বিল্ডার্স, প্রোঃ- জনাব মোঃ মঞ্জুর এলাহী রানা-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তিকরণ প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির জন্য মেসার্স ম্যাক্সিম এসোসিয়েটস্, প্রোঃ-জনাব মোঃ মাহফুজ সালেক এবং হোম স্ট্রেট বিল্ডার্স, প্রোঃ- জনাব মোঃ মঞ্জুর এলাহী রানা আবেদন করেছেন। আবেদনকারী প্রতিষ্ঠান দু'টি ক্যান্টনমেন্ট বোর্ডের নির্ধারিত শর্তাবলী পালন করেছেন এবং যথাযথ যোগ্যতা সম্পন্ন।

সিদ্ধান্ত : প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে মেসার্স ম্যাক্সিম এসোসিয়েটস্, প্রোঃ-জনাব মোঃ মাহফুজ সালেক এবং হোম স্ট্রেট বিল্ডার্স, প্রোঃ- জনাব মোঃ মঞ্জুর এলাহী রানা-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্তি ঠিকাদারদের পরিচয়পত্র ফি নির্ধারণ প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ঠিকাদারদের পরিচয়পত্র প্রদানের বিষয়ে গত ১৫ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী ৪৭ বিবিধ-২ এর মাধ্যমে উপস্থাপন করা হলে- প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ঠিকাদারগণকে পরিচয় প্রদান করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : ঠিকাদারদের জন্য আপাতত: পরিচয়পত্র ইস্যু না করার সিদ্ধান্ত গৃহীত হলো। ঠিকাদারগণ জাতীয় পরিচয়পত্র এবং কার্যাদেশ গ্রহণ করে সেনানিবাসে প্রবেশ করতে পারবে।

আলোচ্য বিষয়-৩৩: ক্যান্টনমেন্ট এলাকার নকশায় প্রত্যেক বাড়িতে নিরাপত্তার জন্য সিসি ক্যামেরার লাইন ডায়াগ্রাম প্রদর্শন করা প্রসংগে।

আলোচনা : সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৪ অক্টোবর, ২০১৬ তারিখের ২৩.০১.৯০১.০৪৪.০২.০৭১.০৯.২৪.১০.১৬ নং পত্রের মাধ্যমে ইতোমধ্যে যে সকল ভবন নির্মাণ করা হয়েছে সে সকল ভবনে আগামী ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে সিসিটিভি স্থাপন সম্পন্ন করাসহ ভবিষ্যতে সিসিটিভি স্থাপন ব্যতীত ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক কোন ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশা অনুমোদন না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত পত্রে একটি ছয়তলা ভবনে কমপক্ষে ০৮টি সিসি ক্যামেরা স্থাপনের নির্দেশনাও প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় নির্মিত সকল ভবনে ডিসেম্বর, ২০১৬ এর মধ্যে সিসি ক্যামেরা স্থাপনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়াও ভবিষ্যতে সিসিটিভি স্থাপনের লে-আউট ব্যতীত ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক কোন ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশা অনুমোদন করা হবে না। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

আলোচ্য বিষয়-৩৪: ঢাকা সেনানিবাসস্থ রাওয়া ক্লাবের হোল্ডিং ট্যাক্স নির্ধারণ ঘটনোত্তর অনুমোদন প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট এর আওতাধীন 'বি' শ্রেণীভুক্ত জমিতে ১২ তলা বিশিষ্ট ২,৮৫,১২০.৩৮ বর্গফুট আয়তনের ভবন (রাওয়া ভবন) নির্মাণ করে বাণিজ্যিক ভিত্তিতে ব্যবহৃত হচ্ছে। উক্ত ভবনের হোল্ডিং ট্যাক্স নির্ধারণ না করার ফলে প্রতিরক্ষা অডিট অধিদপ্তর ২০ এপ্রিল ২০১৫ তারিখের ডিএডি প্রোগ্রাম সেল/স্পেশাল এর অডিট/২০১৪-১৫/২০/২৫ নং পত্রে ২০০৯-১০ থেকে ২০১৩-১৪ পর্যন্ত রাওয়া ক্লাব ভবনের সম্পূর্ণ এরিয়া ২,৮৫,১২০.৩৮ বর্গফুট × ১৪.০০ টাকা × ১০ মাস = ৩,৯৯,১৬,৮৫৩.২০ × ১২.৫০% হারে ৪৯,৮৯,৬০৬.৬৫ টাকা (প্রতি বছর) × ০৫ বছর = ২,৪৯,৪৮,০৩৫.০০ টাকা গৃহকর আদায়ের জন্য নির্দেশনা প্রদান করে। উক্ত টাকার উপর ৫% হারে সারচার্জ ১২,৪৭,৪০২.০০ টাকাসহ সর্বমোট ২,৬১,৯৫,৪৩৭.০০ টাকার অডিট আপত্তি উত্থাপিত হয়। আপত্তিকৃত ২,৬১,৯৫,৪৩৭.০০ টাকা পরিশোধের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে ১০ জুন ২০১৫ তারিখের ঢাক্যাবো/অঃআঃ/২০১২-১৪/৩৪৮ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। কিন্তু অদ্যাবধি উল্লেখিত টাকা পরিশোধ করা হয়নি। রাওয়া ক্লাব কর্তৃক ০৯ জুলাই ২০১৫ তারিখের রাওয়া কমপ্লেক্স/১৮-০৬/২০১৫ নং পত্রের মাধ্যমে গৃহকর হতে রাওয়াকে অব্যাহতি প্রদানের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডকে অবগতিপূর্বক সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসকে অনুরোধ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ০৬ অক্টোবর ২০১৫ তারিখের ঢাক্যাবো/রাওয়া ক্লাব/২১ নং পত্রের মাধ্যমে উক্ত গৃহকর অব্যাহতি দেয়ার কোন অবকাশ আছে বলে প্রতিয়মান হয় না মর্মে সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসকে জানানো হয়। সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৯ ফেব্রুয়ারি ২০১৬ তারিখের ৩৯১৭/১/রাওয়া/ এমকিউ-২ নং পত্রে রাওয়া ক্লাবের হোল্ডিং ট্যাক্স সম্পর্কিত উদ্ভূত জটিলতা সমাধানকল্পে স্টেশন কমান্ডারের সভাপতিত্বে ক্যান্টনমেন্ট বোর্ড

ও রাওয়ার সাথে ত্রিপক্ষীয় আলোচনার মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণপূর্বক নিষ্পত্তির কার্যক্রম গ্রহণ করার পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ জানান। তৎপ্রেক্ষিতে ০৬ মার্চ ২০১৬ তারিখে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আলোচনান্তে রাওয়া ক্লাব ভবনের ব্যবহৃত আয়তন ১,৫০,০০০.০০ বর্গফুট, প্রতি বর্গফুট ৪/-(চার) টাকা হারে ২০১৫ সালের জানুয়ারি হতে গৃহকর নির্ধারণ করে হাল নাগাদ দাবী ক্যান্টনমেন্ট বোর্ড হতে রাওয়া ক্লাব এর বরাবর প্রেরণ এবং গৃহকর বাবদ প্রদেয় অর্থ কিস্তিতে পরিশোধের অনুরোধ পাওয়া গেলে ক্যান্টনমেন্ট বোর্ড বিধি-মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী রাওয়া ক্লাব ভবনের ব্যবহৃত আয়তন ১,৫০,০০০.০০ বর্গফুট, প্রতি বর্গফুট ৪/-(চার) টাকা হারে ২০১৫ সালের জানুয়ারি হতে হোল্ডিং ট্যাক্স নির্ধারণ করে হাল নাগাদ দাবী পরিশোধ করার জন্য রাওয়া ক্লাব বরাবর পত্র প্রেরণের নিমিত্তে সভাপতি, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয় ১৬ অক্টোবর ২০১৬ তারিখে কার্যবৃত্তপত্রের মাধ্যমে সদয় অনুমোদন প্রদান করেন। বিষয়টি ঘটনোত্তর অনুমোদন প্রয়োজন।

সিদ্ধান্ত : ঢাকা সেনানিবাসস্থ রাওয়া ক্লাব ভবনের ব্যবহৃত আয়তন ১,৫০,০০০.০০ বর্গফুট, প্রতি বর্গফুট ৪/-(চার) টাকা হারে ২০১৫ সালের জানুয়ারি হতে হোল্ডিং ট্যাক্স নির্ধারণের বিষয়টি ঘটনোত্তর অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩৫: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের এক্স-রে মেশিনের দরজা মেরামত এবং ল্যাবরেটরীর রোগী অপেক্ষাগার, নমুনা সংগ্রহের রুম ও এক্স-রে রুমের খসে যাওয়া ওয়াল ডিস্টেম্পারকরণ।

আলোচনা : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে রোগীদের সুষ্ঠু সেবা প্রদানের জন্য এক্স-রে মেশিনের দরজা মেরামত এবং ল্যাবরেটরীর রোগী অপেক্ষাগার, নমুনা সংগ্রহের রুম ও এক্স-রে রুমের খসে যাওয়া ওয়াল ডিস্টেম্পার করা প্রয়োজন।

সিদ্ধান্ত : দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত/মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্য বিষয়-৩৬: ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত আবাসিক ও ট্রানজিট পরিচয়পত্র, নাগরিকত্ব সনদপত্র এবং বিভিন্ন প্রত্যয়নপত্র ফি বৃদ্ধি করণ প্রসংগে।

আলোচনা : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে উক্ত এলাকার বাসিন্দাদের চাহিদা মোতাবেক আবাসিক ও ট্রানজিট পরিচয়পত্র, নাগরিকত্ব সনদপত্র এবং বিভিন্ন ধরনের প্রত্যয়নপত্র ইস্যু করা হয়। বর্তমানে আবাসিক ও ট্রানজিট পরিচয়পত্রের জন্য ২০০.০০ (দুই শত) টাকা এবং নাগরিকত্ব ও বিভিন্ন প্রত্যয়ন পত্রের জন্য ১০০.০০ (এক শত) টাকা হারে ফি আদায় করা হয়।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত আবাসিক ও ট্রানজিট পরিচয়পত্রের জন্য ৫০০.০০ (পাঁচ শত) টাকা , নাগরিকত্ব সনদপত্র এবং বিভিন্ন প্রত্যয়নপতের জন্য ২৫০.০০ (দুই শত পঞ্চাশ) টাকা হারে ফি আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য বিষয়-৩৭: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/বি নং প্লট সংক্রান্ত কমিটির প্রতিবেদন।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/বি নং প্লটের ইজারা সংক্রান্ত বিষয়াদি পর্যালোচনার জন্য গত ২৯ আগস্ট, ২০১৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্য বিষয়-৪৪ এর মাধ্যমে কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি নথিপত্র যাচাই করে নিম্নবর্ণিত মতামত/সুপারিশ পেশ করেছেন ঃ-

**<u>মতামত</u>**

"(১) সংশ্লিষ্ট ইজারা দলিল ক্যান্টনমেন্টস এ্যাক্ট ১৯২৪ এর ২৮০ ধারায় ৯৯ (নিরানব্বই) বছরের জন্য ইজারা চুক্তি করার ক্ষমতা ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের নেই। সে হিসেবে এ চুক্তির কোন বৈধতা নেই মর্মে অত্র কমিটি মতামত ব্যক্ত করছে।

(২) মূল নিলাম ডাককারী জনাব মোহাম্মদ আলীম ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে ইজারা দলিল সম্পন্ন না করেই তার ওয়ারিশগণের পরিবর্তে চাচাত ভাই সরকারী কর্মকর্তা ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, গাজীপুর ক্যান্টনমেন্ট জনাব মোঃ ফজলুল হক, পিতা- মৃত মৌলভী মোঃ আজিজুর রহমান এর স্থলাভিষিক্ত করার আবেদনের কোন আইনগত বৈধতা নেই। এ বিষয়ে পরবর্তী গৃহীত সকল কার্যক্রমও আইনগতভাবে অবৈধ ও অকার্যকর।

(৩) সরকারী অনুমোদন ব্যতিরেকে ৯৯ (নিরানব্বই) বছরের জন্য ইজারা চুক্তি করার ক্ষমতা ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট এর না থাকায় জনাব মোঃ ফজলুল হক এবং ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা এর মধ্যে ১৪/৮/১৯৭৫ তারিখের সম্পাদিত ইজারা চুক্তি আইনগতভাবে সঠিক হয়নি।"

***<u>সুপারিশ</u>***

"(১) ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট সরকারী অনুমোদন ব্যতিরেকে সংশ্লিষ্ট প্লটটি (৬৫/বি) ৯৯ (নিরানব্বই) বছরের জন্য ইজারা চুক্তি সম্পন্ন করতে ক্ষমতা প্রাপ্ত নয় বিধায় ইজারা চুক্তি বাতিল করা যেতে পারে মর্মে কমিটি সুপারিশ করছে।"

(২) মহাপরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সুচিন্তিত এবং আইনগত মতামত পাওয়ার পর এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে কমিটি সুপারিশ করছে।"

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/বি নং প্লটের ইজারা সংক্রান্ত বিষয়ে গঠিত কমিটির মতামত/সুপারিশ গ্রহণ করা হলো। উক্ত প্লটের ইজারা বাতিলের বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। এ প্রসংগে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/এ, ৬৭/বি এবং ৬৫/বি নং প্লটের ইজারা বাতিল সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি প্রতিটি সভায় উপস্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-৩৮: সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পৃথক হিসাব খোলা প্রসংগে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড হাসপাতালটি ১০০ শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল। উক্ত হাসপাতালের যাবতীয় আয় ক্যান্টনমেন্ট বোর্ড তহবিলে জমা করা হয়। যার ফলে হাসপাতালের আয়-ব্যয়ের হিসাব এবং বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণে প্রায়শ:ই জটিলতার সৃষ্টি হয়। হাসপাতালের যাবতীয় ব্যয় এ আয় হতে নির্বাহ করার বিষয়ে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য পৃথক ব্যাংক হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হলো। এ হিসাবের যাবতীয় অর্থ বোর্ড তহবিলের অংশ হিসেবে গণ্য হবে। বিধি মোতাবেক উক্ত হিসাবের পরিচালনাকারী হবেন ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার। নির্দিষ্ট সময় পর পর এ হিসাবের অর্থ বোর্ডসভার অনুমতিক্রমে বোর্ড তহবিলে স্থানান্তর করতে হবে।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত ঃ পরিশিষ্ট-'ক'।

*( এস. এম. আব্দুল কাদের )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

*পরিশিষ্ট-'ক'*

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন মোস্তাক আহমেদ (জি), পিএসসি, বিএন — উপস্থিত
অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) গ্রুপ ক্যাপ্টেন এম এ আওয়াল হোসেন, জিইউপি, এডব্লিউসি, পিএসসি — উপস্থিত
অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) কর্ণেল মোঃ মাহফুজ আলম, পিএসসি — উপস্থিত
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৪) মেজর জুলফিকার রহমান — উপস্থিত
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক — উপস্থিত
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৬) জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ — উপস্থিত
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৭) জনাব মোঃ মাহবুব জামিল — অনুপস্থিত
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।